

(একই স্মারক ও তারিখে প্রতিষ্ঠাপিত হবে)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১১.০০২.১৭.২২৫৯

১৫ কার্টিক ১৪২৮
তারিখ: ৩১ অক্টোবর ২০২১

বিষয়: লালমনিরহাট জেলা পরিষদে সাংগঠনিক কাঠামোভুক্ত শূন্য পদে জনবল নিয়োগ/ পদোন্নতির ছাড়পত্র প্রদান।

- সূত্র:
- জেলা পরিষদ, লালমনিরহাট এর স্মারক জেপ-লাল/২০২১/৩০২, তারিখ: ১৩ সেপ্টেম্বর ২০২১;
 - জেলা পরিষদ, লালমনিরহাট এর স্মারক জেপ-লাল/২০২১/৩০৩, তারিখ: ১৩ সেপ্টেম্বর ২০২১;
 - জেলা পরিষদ, লালমনিরহাট এর স্মারক জেপ-লাল/২০২১/৩০৪, তারিখ: ১৩ সেপ্টেম্বর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জেলা পরিষদ, লালমনিরহাট এর স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৯০ যথাযথ অনুসরণপূর্বক নিয়ন্ত্রিত শূন্য পদে সরাসরি নিয়োগ/ পদোন্নতি প্রদানের লক্ষ্যে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো:

ক্রমিক	পদের নাম ও বেতন গ্রেড	শূন্য পদ সংখ্যা	পূরণের পদ্ধতি
১.	ডুপ্লিকেটিং মেশিন অপারেটর	১ (এক) টি	সরাসরি
২.	নিয়মান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক	১ (এক) টি	পদোন্নতি

শর্তাবলী:

- ক. পদসমূহ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রিট/মামলা বিচারাধীন থাকে, কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে, তাবে আদালতের নির্দেশনা যথাযথ বাস্তবায়নপূর্বক বিধি মোতাবেক শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- খ. প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদের সংখ্যায় কোন গরমিল থাকার কারণে কোন পদে অতিরিক্ত জনবল নিয়োগ করা হলে সেক্ষেত্রে তথ্য প্রদানকারী/নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে।
- ঘ. সাংগঠনিক কাঠামো ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম, বেতন গ্রেড এবং সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুসরণপূর্বক প্রতি পদের বিপরীতে মঙ্গুরীকৃত পদসংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে। এর ব্যত্যয় ঘটিলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
- ঙ. পদ পূরণের ক্ষেত্রে ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ৬(ছয়) মাস এবং উক্ত মেয়াদের মধ্যে নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং নির্দিষ্ট সময়সীমার মধ্যে পদ পূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে;
- চ. নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ নীতিমালা ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- ছ. নিয়োগ প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন করে ১৫(পনের) দিনের মধ্যে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে;
- বা. পদসমূহ পূরণ করার ক্ষেত্রে কমপক্ষে বহুল প্রচারিত ২(দুই)টি জাতীয় দৈনিক পত্রিকায় ও অফিসিয়াল ওয়েবসাইটে বিজ্ঞপ্তি জারি করতে হবে।
- ২। উল্লেখ্য, ‘অফিস সহায়ক’ পদ হতে পদোন্নতির মাধ্যমে নিয়মান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদটি পূরণ করা হবে মর্মে পত্রে উল্লেখ করা হয়েছে। ফলে পদটি শূন্য হওয়ার পূর্বে এই পদে সরাসরি জনবল নিয়োগের সুযোগ নেই।
- ৩। এমতাবস্থায়, অফিস সহায়ক পদটি শূন্য হওয়ার পর সরাসরি নিয়োগের ছাড়পত্র চেয়ে পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী

উপসচিব

ফোন: +৮৮০২২২৩০৫৫৫৬৮

Email:lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, লালমনিরহাট।

অনুলিপি:

- অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রিকা ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।